# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

বিটিআরসি ভবন, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা।

স্মারক নং-১৪.৩২.০০০০.৫০১.৩১.০০৫.২০.১০৯ তারিখ: ০৯-০৯-২০২৪

## "স্থানীয়ভাবে মোবাইল হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের কারখানা স্থাপনের নির্দেশিকা-২০২৪"

09/09/2024

লেঃ কর্ণেল মুহম্মদ রাশেদুজ্জামান,
পিবিজিএমএস, পিএসসি, সিগন্যালস
পরিচালক (তরঙ্গ ব্যবস্থাপনা)
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয়সমূহ | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | ভূমিকা | ৩ |
| ২ | স্থানীয়ভাবে হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের কারখানা স্থাপনের উদ্দেশ্য | ৩ |
| ৩ | কমিশনের এখতিয়ার | ৪ |
| ৪ | মোবাইল হ্যান্ডসেট প্রস্তুতকারক এবং বাজারজাতকরনের এনলিস্টমেন্ট সনদের প্রকার ও কার্যপরিধি | ৪-৬ |
| ৫ | মোবাইল হ্যান্ডসেট প্রস্তুতকারক এবং বাজারজাতকরনের এনলিস্টমেন্ট সনদের জন্য প্রয়োজনীয় তথ্য/ দলিলাদি (Document) | ৭-৮ |
| ৬ | মোবাইল হ্যান্ডসেট প্রস্তুতকারক ও বাজারজাতকরনের এনলিস্টমেন্ট ও নবায়ন প্রক্রিয়া, ফি ও মেয়াদকাল | ৮ |
| ৭ | স্থানীয়ভাবে মোবাইল যন্ত্রপাতি সংযোজন ও উৎপাদনের প্রচলিত পদ্ধতিতে যন্ত্রপাতি আমদানির শর্তাদি | ৮-৯ |
| ৮ | ইলেকট্রনিক বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা | ৯ |
| ৯ | সার্ভিস সেন্টার ও কালেকশন পয়েন্ট | ৯ |
| ১০ | মোবাইল ফোনের যন্ত্রাংশ আমদানির অনাপত্তি পত্র প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় তথ্য/ দলিলাদি (Document) | ১০ |
| ১১ | মোবাইল ফোনের যন্ত্রাংশ আমদানি ও বাজারজাতকরণের অনাপত্তি পত্রের (NOC) শর্তসমূহ | ১০ |
| | **পরিশিষ্ট-১:** এনলিস্টমেন্ট সনদের আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি | ১১ |
| | **পরিশিষ্ট-২**: ঘোষণাপত্র/অঙ্গীকারনামা | ১২-১৩ |
| | **পরিশিষ্ট-৩**: SKD/ CKD পদ্ধতিতে স্থানীয়ভাবে মোবাইল সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রাংশ আমদানির অনাপত্তি পত্র (NOC) প্রক্রিয়াকরণের নিমিত্ত প্রযোজ্য কাগজপত্রাদি | ১৪-১৫ |
| | **পরিশিষ্ট**-৪: PCB/ PCBA আমদানির অনাপত্তি প্রদানের (NOC) শর্তসমূহ | ১৬-১৭ |
| | **পরিশিষ্ট-৫**: বাজারজাতকরণের অনাপত্তি (NOC) এর শর্তসমূহ | ১৮ |
| | **পরিশিষ্ট-৬**: Testing Lab এর টেস্টিং সুবিধা/ টেস্টিং যন্ত্রপাতির ধারণা | ১৯-২৯ |


০৭/০৭/ ২০২৪

লেঃ কর্ণেল মুহম্মদ রাশেদুজ্জামান,
পিবিজিএমএস, পিএসসি, সিগন্যালস
পরিচালক (তরঙ্গ ব্যবস্থাপনা)
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

## ১. ভূমিকা:

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ ও সরকার কর্তৃক ঘোষিত আমদানি নীতি অনুযায়ী মোবাইল হ্যান্ডসেট ও সিম সম্বলিত মোবাইল ট্যাব, PoS (Point of Sale), Wifi যন্ত্রপাতি ইত্যাদি আমদানির ক্ষেত্রে অত্র কমিশনের তালিকাভুক্ত ভেন্ডর প্রতিষ্ঠান কমিশনের পূর্বানুমতি গ্রহণ করে থাকে। বর্তমানে দেশে মোবাইল হ্যান্ডসেটের বাজার ১২ (বারো) হাজার কোটি টাকার অধিক এবং ব্যবসাবান্ধব। বাংলাদেশে বর্তমানে প্রায় ১৯ কোটি মোবাইল সংযোগ রয়েছে এবং দিন দিন এ সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। দেশের এই বিপুল চাহিদা বিবেচনায় মোবাইল হ্যান্ডসেটের আমদানি নির্ভরতা কমিয়ে দেশে মান সম্পন্ন মোবাইল হ্যান্ডসেট উৎপাদন/ সংযোজন শিল্প স্থাপনের মাধ্যমে বৈদেশিক মুদ্রা বিদেশে চলে যাওয়া রোধ, নতুন উৎপাদনশীল শিল্প স্থাপন, জাতীয় কারিগরি দক্ষতা বৃদ্ধিসহ কর্মসংস্থান সৃষ্টির নিমিত্ত বিটিআরসি সরকারের পক্ষে ভূমিকা রাখছে। এরই ফলশ্রুতিতে বর্তমানে দেশের মোবাইল হ্যান্ডসেটের বিপুল চাহিদার সিংহ ভাগই স্থানীয়ভাবে প্রস্তুত মোবাইল হ্যান্ডসেটের মাধ্যমে পূরণ হচ্ছে। বর্তমানে বিদেশ হতে মোবাইল হ্যান্ডসেট আমদানির পরিমাণ প্রায় শূন্যের কোঠায়। উল্লেখ্য যে, মোবাইল হ্যান্ডসেটের আমদানির জন্য প্রায় ৫৭% (সাতান্ন শতাংশ) আমদানি শুল্ক প্রযোজ্য রয়েছে যেখানে SKD (Semi Knock Down) পদ্ধতিতে স্থানীয়ভাবে মোবাইল হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে ১০% (দশ শতাংশ) এবং CKD (Complete Knock Down) পদ্ধতিতে স্থানীয়ভাবে মোবাইল হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে ১% (এক শতাংশ) আমদানি শুল্ক নির্ধারিত রয়েছে।

## ২. স্থানীয়ভাবে হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের কারখানা স্থাপনের উদ্দেশ্য:

- প্রযুক্তি নির্ভর বাংলাদেশ বিনির্মাণের অন্যতম অনুষঙ্গ স্মার্ট ডিভাইস স্থানীয়ভাবে উৎপাদনের দ্বার উন্মোচন হবে;
- তথ্যপ্রযুক্তি খাতে সফল উদ্যোক্তা তৈরি হবে;
- বিপুল পরিমাণ মূল্যবান বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা সম্ভব হবে;
- দেশে নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে;
- দেশে সুদক্ষ কারিগরি জ্ঞানসম্পন্ন জনবল সৃষ্টি হবে;
- অবৈধ আমদানি হ্রাস করার মাধ্যমে সরকারের রাজস্ব ক্ষতি রোধ করা সম্ভব হবে;
- কাঙ্ক্ষিত বৈদেশিক বিনিয়োগ পাওয়া সম্ভব হবে;
- দেশী বিনিয়োগকারীগণ সময়োপযোগী বিনিয়োগের নতুন ক্ষেত্র পাবেন;
- ক্রেতা সাধারণ কম মূল্যে মোবাইল হ্যান্ডসেট ব্যবহারের সুযোগ পাবেন;
- টেলি-ডেনসিটি আরও বৃদ্ধি পাবে;
- কম দামে স্মার্টফোন উৎপাদন ও বাজারজাত সম্ভব হবে বিধায় ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ব্যাপক হারে বৃদ্ধি পাবে। উল্লেখ্য, ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ১০% বৃদ্ধি পেলে জাতীয় প্রবৃদ্ধি অতিরিক্ত প্রায় ১% বৃদ্ধি পায়, ফলে দেশের আর্থ-সামাজিক অবস্থার দ্রুত উন্নতি হবে;
- আমদানির পরিবর্তে মোবাইল হ্যান্ডসেট বিদেশে রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করা সম্ভব হবে।

09/09/24

লেঃ কর্ণেল মুহম্মদ রাশেদুজ্জামান,
পিবিজিএমএস, পিএসসি, সিগন্যালস
পরিচালক (তরঙ্গ ব্যবস্থাপনা)
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

## ৩. কমিশনের এখতিয়ার:

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর ধারা ৫২-এ নিম্নলিখিত বিধান রয়েছে:

"(১) প্রান্তিক যন্ত্রপাতির নাম, বিবরণ (**Specification**), কারিগরি মান ও আনুষঙ্গিক বিষয়াদি নির্ধারণ করিয়া কমিশন সময় সময় নির্দেশিকা প্রণয়ন ও প্রকাশ করিবে।

(২) প্রান্তিক যন্ত্রপাতি উৎপাদন, আমদানি, বাজারজাতকরণ এবং টেলিযোগাযোগ ব্যবস্থায় স্থাপনের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল ব্যক্তি উক্ত নির্দেশিকা অনুসরণ করিবেন।"

এছাড়া বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর ধারা ৫৭ অনুযায়ী কারিগরি গ্রহণযোগ্যতা সনদ ব্যতীত বেতার যন্ত্রপাতি কোন ব্যক্তি ব্যবহার, বিতরণ, পরিবেশন, ইজারা দান, বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রস্তাব বা প্রদর্শন করিতে পারিবেন না। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ অনুযায়ী উক্ত সনদ ইস্যুকরণ, নবায়ন, বাতিলকরণ ও স্থগিতকরণের এখতিয়ারও অত্র কমিশনের। এছাড়া সরকারের সর্বশেষ আমদানি নীতি আদেশ অনুযায়ী যেকোন প্রকার বেতার যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে আবশ্যিকভাবে বিটিআরসি'র পূর্বানুমতি গ্রহণ করতে হয়। উপর্যুক্ত বিষয়াদি বিবেচনায় নিয়ে আমদানির জন্য প্রচলিত তালিকাভুক্তি সনদের ন্যায় মোবাইল হ্যান্ডসেট উৎপাদন/ সংযোজন, বাজারজাতকরণ ও রপ্তানির একটি সুনির্দিষ্ট নির্দেশিকা এবং সনদ প্রদানের প্রয়োজনীয়তা রয়েছে বলে প্রতীয়মান হয়।

## ৪. মোবাইল হ্যান্ডসেট উৎপাদন/ সংযোজন এবং বাজারজাতকরনের জন্য এনলিস্টমেন্ট সনদের প্রকার ও কার্যপরিধি:

৪.১ স্থানীয়ভাবে মোবাইল হ্যান্ডসেট সংযোজন, উৎপাদন এবং বাজারজাতকরণের জন্য ০২ (দুই) প্রকারের এনলিস্টমেন্ট সনদ (**Mobile Phone Handset Manufacturer and Marketing Enlistment Certificate**) প্রদান করা যেতে পারে:

- Enlistment সনদ- ক্যাটাগরি 'এ' (টেস্টিং ল্যাব'সহ)
- Enlistment সনদ- ক্যাটাগরি 'বি' (অনুমোদিত টেস্টিং ল্যাব হতে চাহিদা অনুযায়ী টেস্টিং কার্যক্রম সম্পন্ন করতে হবে)

**৪.১.১ ক্যাটাগরি-'এ' Enlistment সনদ:** এ ধরণের মোবাইল হ্যান্ডসেট উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠানের মানসম্মত (Standard) লে-আউটের নিজস্ব একটি Testing Lab (মান নিয়ন্ত্রণ পরীক্ষাগার) থাকতে হবে। প্রতিটি Testing Lab এ প্রয়োজন অনুসারে টেস্টিং সুবিধাদি (Facilities) সম্বলিত যন্ত্রপাতি সমৃদ্ধ বিভিন্ন বিভাগ/ শাখা (Department) থাকবে যাতে করে বাংলাদেশে উন্নত এবং আন্তর্জাতিক মানের মোবাইল হ্যান্ডসেট উৎপাদন করা সম্ভব হয়। কারিগরি মান এবং বৈশিষ্ট্য সঠিকভাবে নিরুপন করার জন্য ন্যূনতম বিটিআরসি নির্ধারিত টেস্টিং সুবিধা/ টেস্টিং যন্ত্রপাতি সমৃদ্ধ একটি নিজস্ব Testing Lab থাকতে হবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিটিআরসি নির্ধারিত টেস্টিং সুবিধা/ টেস্টিং যন্ত্রপাতির পাশাপাশি নিজেদের চাহিদা অনুযায়ী আরও টেস্টিং সুবিধা/ টেস্টিং যন্ত্রপাতি সংযোজন করতে পারবে।

০৯/০৯/২৪

লেঃ কর্ণেল মুহম্মদ রাশেদুজ্জামান,
পিবিজিএমএস, পিএসসি, সিগন্যালস
পরিচালক (তরঙ্গ ব্যবস্থাপনা)
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

**৪.১.২ ক্যাটাগরি-'বি' Enlistment সনদ:** এ ধরণের মোবাইল হ্যান্ডসেট উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠানের বিটিআরসি কর্তৃক নির্ধারিত নিজস্ব Testing Lab এর প্রয়োজন নাই। তবে প্রতিষ্ঠানটিকে তার প্রস্তুতকৃত মোবাইল হ্যান্ডসেটের মান যাচাই করার জন্য ইতিমধ্যে বিটিআরসি অনুমোদিত এবং নিজস্ব Testing Lab সমৃদ্ধ যেকোন একটি 'এ' ক্যাটাগরি Enlistment সনদধারীর সাথে চুক্তিবদ্ধ হতে হবে। ক্যাটাগরি 'বি' Enlistment সনদধারী মোবাইল হ্যান্ডসেটের কারিগরি মান যাচাইয়ের জন্য উৎপাদন বা সংযোজন সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল টেস্ট চুক্তিবদ্ধ Testing Lab এর মাধ্যমে সম্পন্ন করবে। উল্লেখ্য, পরবর্তীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানটি বিটিআরসি নির্ধারিত টেস্টিং সুবিধা/ টেস্টিং যন্ত্রপাতি সমৃদ্ধ একটি নিজস্ব Testing Lab স্থাপন করতে সক্ষম হলে এবং প্রয়োজনীয় অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে কমিশনের অনুমোদনক্রমে তাদের Enlistment সনদ 'এ' ক্যাটাগরিতে উন্নীত করতে পারবে।

## ৪.২ Original Design Manufacturer (ODM) পদ্ধতিতে স্থানীয়ভাবে মোবাইল হ্যান্ডসেট উৎপাদন/ সংযোজন:

(i) **উৎপাদন/ সংযোজন:** কমিশনের স্পেকট্রাম বিভাগ হতে প্রদত্ত "Radio Equipment Importer and Vendor Enlistment" সনদধারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে দেশীয় মালিকানাধীন যে সকল প্রতিষ্ঠানের নিজস্ব স্থানীয় (Local) ব্র্যান্ড (Local ব্র্যান্ড প্রমাণের জন্য অবশ্যই **ট্রেড মার্ক সনদ** থাকতে হবে) রয়েছে সে সকল প্রতিষ্ঠান তাদের নিজস্ব স্থানীয় ব্র্যান্ডের মোবাইল হ্যান্ডসেট বিটিআরসি হতে প্রয়োজনীয় অনুমতি গ্রহণ সাপেক্ষে 'এ' ক্যাটাগরি Enlistment সনদধারী প্রতিষ্ঠানসমূহ থেকে Original Design Manufacturer (ODM) পদ্ধতিতে তাদের চাহিদা এবং স্পেসিফিকেশন অনুযায়ী তৈরি করে নিতে পারবে। তবে এক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ প্রতিপালন করতে হবে:

(ক) ODM পদ্ধতিতে হ্যান্ডসেট তৈরি/ প্রস্তুত করার ক্ষেত্রে সংশ্লিষ্ট ম্যানুফেকচারার প্রতিষ্ঠানকে "Radio Equipment Importer and Vendor Enlistment" সনদধারী প্রতিষ্ঠানের অনুকূলে কমিশন হতে প্রদত্ত অনুমতি পত্রের অনুলিপি'সহ মোবাইল হ্যান্ডসেটের PCB/ PCBA ও উহার আনুষঙ্গিক যন্ত্রাংশ আমদানির অনাপত্তির জন্য আবেদন করতে হবে। পরবর্তীতে স্থানীয়ভাবে উৎপাদিত/ সংযোজিত মোবাইল হ্যান্ডসেটসমূহ বাজারজাতকরণের পূর্বে সংশ্লিষ্ট ভেন্ডর প্রতিষ্ঠান কর্তৃক বাজারজাতকরণের অনাপত্তি গ্রহণের আবেদন করতে হবে।

(খ) "Radio Equipment Importer and Vendor Enlistment" সনদধারী প্রতিষ্ঠান কর্তৃক ODM পদ্ধতিতে হ্যান্ডসেট তৈরি/ প্রস্তুত করার ক্ষেত্রে যে সকল ব্র্যান্ডের মডেলের জন্য একবার কমিশন হতে অনুমতি গ্রহণ করা হবে সে সকল ব্র্যান্ডের মডেলের ক্ষেত্রে উক্ত সনদের (Vendor Enlistment Certificate) মেয়াদ থাকাকালীন সময়ের মধ্যে পরবর্তীতে অনুমতি গ্রহণ করতে হবে না। তবে প্রতিবার প্রস্তুতকৃত হ্যান্ডসেটসমূহ বাজারজাতকরণে বিটিআরসিতে দাখিলকৃত আবেদনের সাথে সংশ্লিষ্ট "Mobile Phone Handset Manufacturer and Marketing Enlistment" সনদধারী প্রতিষ্ঠানের সাথে ODM সংক্রান্ত চুক্তির কপি সংযুক্ত করতে হবে।

(গ) ODM পদ্ধতিতে হ্যান্ডসেট তৈরি/ প্রস্তুত করার ক্ষেত্রে ''Radio Equipment Importer and Vendor Enlistment'' সনদধারী প্রতিষ্ঠানের অনুকূলে GSMA TAC Certificate থাকতে হবে।

09/09/'24

...: ...র্নেল মুহম্মদ রাশেদুজ্জামান,
পিবিজিএমএস, পিএসসি, সিগন্যালস
পরিচালক (তরঙ্গ ব্যবস্থাপনা)
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

(ii) এছাড়া ODM পদ্ধতিতে মোবাইল হ্যান্ডসেট উৎপাদন/ সংযোজনের ক্ষেত্রে কমিশন কর্তৃক সময় সময় জারীকৃত প্রদত্ত যেকোন নির্দেশনা প্রতিপালন করতে হবে।

৪.৩ ক্যাটাগরি 'এ' সনদধারী প্রতিষ্ঠান তার Testing Lab এর মাধ্যমে ক্যাটাগরি 'বি' প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত মোবাইল হ্যান্ডসেটের মান নিয়ন্ত্রণের জন্য যৌক্তিক চার্জ এবং সময়সীমা নির্ধারণ করবে এবং তা তাদের মধ্যে সম্পাদিত চুক্তিতে উল্লেখ থাকবে।

৪.৪ সনদধারী প্রতিষ্ঠানসমূহ কোন দেশী/ বিদেশি ব্র্যান্ড/ ব্র্যান্ডসমূহের মোবাইল হ্যান্ডসেট স্থানীয়ভাবে উৎপাদন/ সংযোজনের জন্য কমিশন হতে কারখানা স্থাপনের চূড়ান্ত অনুমোদন প্রাপ্ত হওয়ার পর, পরবর্তীতে যদি সে সকল ব্র্যান্ড/ ব্র্যান্ডসমূহের পাশাপাশি নতুন কোন দেশী/ বিদেশি ব্র্যান্ডের মোবাইল হ্যান্ডসেট স্থানীয়ভাবে উৎপাদন/ সংযোজনে আগ্রহী হয় তবে সেক্ষেত্রে কমিশনের পূর্বানুমতি গ্রহণ করে তা স্থানীয়ভাবে উৎপাদন করতে পারবে।

৪.৫ কোন নির্দিষ্ট ব্র্যান্ডের (দেশী/ বিদেশি) মোবাইল হ্যান্ডসেটের স্বত্বাধিকারী প্রতিষ্ঠান যদি তাদের কোন ব্র্যান্ড (দেশী/ বিদেশি) পূর্বের স্থানীয়ভাবে উৎপাদন/ সংযোজনকারী প্রতিষ্ঠানের কারখানার পরিবর্তে ভিন্ন কোন স্থানীয়ভাবে উৎপাদন/ সংযোজনকারী প্রতিষ্ঠানের কারখানা হতে সংযোজন/ উৎপাদন করতে চায়, তবে উক্ত স্বত্বাধিকারী প্রতিষ্ঠান এবং তাদের পূর্বের উৎপাদন/ সংযোজনকারী প্রতিষ্ঠানের মধ্যকার দেনা/ পাওনা পরিশোধ এবং সম্পাদিত চুক্তির শর্ত পূরণ সাপেক্ষে উক্ত চুক্তিটি বাতিল করতে হবে। পরবর্তীতে উক্ত ব্র্যান্ডের (দেশী/ বিদেশি) মোবাইল হ্যান্ডসেট ভিন্ন কোন উৎপাদন/ সংযোজনকারী প্রতিষ্ঠান হতে উৎপাদন/ সংযোজনের জন্য কমিশন হতে প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করতে হবে।

৪.৬ কোন মোবাইল ব্র্যান্ডের দেশে উৎপাদন হচ্ছে না এমন মডেলের মোবাইল হ্যান্ডসেট অনুমোদিত ভেন্ডর প্রতিষ্ঠান আমদানি করতে ইচ্ছুক হলে, উক্ত মডেলের হ্যান্ডসেট দেশে উৎপাদন হবে না মর্মে প্রত্যয়ন পত্র ব্র্যান্ডের উৎপাদন/ সংযোজনকারী প্রতিষ্ঠান হতে কমিশন সংগ্রহ সাপেক্ষে তার অনুমতি প্রদান করবে। উৎপাদন/ সংযোজনকারী প্রতিষ্ঠান উক্ত মডেলের হ্যান্ডসেট উৎপাদনে আগ্রহী হলে তার স্বপক্ষে ১৫ দিনের মধ্যে যথাযথ দলিলাদি কমিশনে দাখিল করতে হবে।

**৪.৭ রপ্তানি প্রক্রিয়া:**

৪.৭.১ মোবাইল হ্যান্ডসেট উৎপাদন/ সংযোজন এবং বাজারজাতকরনের জন্য এনলিস্টমেন্ট সনদধারী প্রতিষ্ঠান সমূহ কমিশনের অনুমোদন গ্রহণ সাপেক্ষে উৎপাদিত হ্যান্ডসেট বিদেশে রপ্তানি করতে পারবে।

৪.৭.২ কোন প্রতিষ্ঠান (দেশি/ বিদেশি) যদি বাংলাদেশে উৎপাদন হচ্ছে না এমন কোন ব্র্যান্ডের মোবাইল হ্যান্ডসেট বিদেশে রপ্তানির উদ্দেশ্যে বাংলাদেশের কোন উৎপাদন/ সংযোজনকারী প্রতিষ্ঠানের নিকট হতে ODM পদ্ধতিতে উৎপাদন/ সংযোজন করতে আগ্রহ প্রকাশ করলে ১০০% রপ্তানি শর্তে উক্ত মোবাইল হ্যান্ডসেট উৎপাদন/ সংযোজন করা যাবে। এক্ষেত্রে উক্ত বিদেশি প্রতিষ্ঠানের সাথে এ সংক্রান্ত চুক্তির কপিসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করতঃ কমিশন হতে স্থানীয়ভাবে মোবাইল হ্যান্ডসেট উৎপাদন/ সংযোজনকারী সনদধারী কর্তৃক PCB/ PCBA আমদানির অনাপত্তি গ্রহণ করতে হবে এবং রপ্তানির পূর্বে কমিশন হতে অনুমোদন গ্রহণ করতে হবে।

৪.৭.৩ মোবাইল হ্যান্ডসেট রপ্তানির ক্ষেত্রে অবশ্যই সরকারের সংশ্লিষ্ট রপ্তানি নীতিমালা প্রতিপালন করতে হবে।

09/09/'24

লেঃ কর্ণেল মুহম্মদ রাশেদুজ্জামান,
পিবিজিএমএস, পিএসসি, সিগন্যালস
পরিচালক (তরঙ্গ ব্যবস্থাপনা)
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

## ৫. মোবাইল হ্যান্ডসেট প্রস্তুতকারক এবং বাজারজাতকরনের এনলিস্টমেন্ট সনদের জন্য প্রয়োজনীয় তথ্য/ দলিলাদি (Document):

৫.১ স্থানীয়ভাবে মোবাইল হ্যান্ডসেট সংযোজন, উৎপাদন, বাজারজাতকরণের জন্য 'এ' ক্যাটাগরি ও 'বি' ক্যাটাগরি Enlistment সনদের জন্য আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক পরিশিষ্ট-১ ও ২ এ বর্ণিত তথ্য/ ডকুমেন্টস দাখিল করতে হবে। ক্যাটাগরি 'এ' প্রতিষ্ঠানের Testing Lab এর মাধ্যমে ক্যাটাগরি 'বি' প্রতিষ্ঠানের হ্যান্ডসেটের মান নিয়ন্ত্রণের জন্য সম্পাদিত কার্যক্রমের সকল তথ্য (যেমন: আবেদন প্রাপ্তির তারিখ, টেস্টের নাম, নমুনা যন্ত্রাংশের সংখ্যা, টেস্টের তারিখ, রিপোর্ট প্রস্তুতির তারিখ, রিপোর্ট প্রদানের তারিখ ইত্যাদি) রেজিস্ট্রারের মাধ্যমে লিপিবদ্ধ করে সংরক্ষণ করবে। এতদসক্রান্ত ব্যাপারে কোন আপত্তি বিটিআরসির কাছে উত্থাপিত হলে বিটিআরসি উক্ত রেজিস্ট্রারে সংরক্ষিত তথ্যের ভিত্তিতে ন্যায্যতার মাধ্যমে সকলের অধিকার সংরক্ষণ করবে।

৫.২ 'এ' ও 'বি' ক্যাটাগরির এনলিস্টমেন্ট সনদ প্রদানের প্রক্রিয়াটি নিম্নোক্ত ০৩ ধাপে সম্পন্ন করা হবে:

৫.২.১ **প্রথম ধাপ:** আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক পরিশিষ্ট-১ ও ২ অনুযায়ী দাখিলকৃত তথ্যাদি/ ডকুমেন্টস প্রাপ্তির পর তা যাচাই-বাছাই করতঃ কারখানা স্থাপনের প্রাথমিক সম্মতি প্রদানের অনুমোদনের জন্য কমিশন সভায় উপস্থাপন করা হবে।

৫.২.২ **দ্বিতীয় ধাপ:** কমিশনের প্রাথমিক সম্মতি প্রাপ্তির পর প্রযোজ্য শর্ত পূরণ সাপেক্ষে আবেদনকারী প্রতিষ্ঠানকে তাদের কারখানা এবং টেস্টিং ল্যাব ('এ' ক্যাটাগরির ক্ষেত্রে প্রযোজ্য) স্থাপন সংক্রান্ত কার্যক্রম আরম্ভ করার সাময়িক অনুমতি প্রদান করা হবে। এছাড়া প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী কারখানা ও টেস্টিং ল্যাবে ('এ' ক্যাটাগরির ক্ষেত্রে প্রযোজ্য) ব্যবহৃতব্য বেতার যন্ত্রপাতি আমদানির অনাপত্তি প্রদান করা হবে। প্রতিষ্ঠান কর্তৃক তাদের কারখানা এবং পরিশিষ্ট-৬ অনুযায়ী টেস্টিং ল্যাব ('এ' ক্যাটাগরির ক্ষেত্রে প্রযোজ্য) স্থাপনের পর কমিশনকে অবগত করলে কমিশনের স্পেকট্রাম বিভাগ হতে প্রাথমিকভাবে প্রতিষ্ঠানটির কারখানা/ স্থাপনা সরেজমিনে পরিদর্শন/ তদন্তের জন্য পরিদর্শক দল প্রেরণ করা হবে। পরিদর্শক দল কর্তৃক সন্তোষজনক প্রতিবেদন দাখিলের পর সাময়িক সনদ (Provisional) প্রদানের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদনসহ বিস্তারিত কার্যপত্র কমিশন সভায় উপস্থাপন করা হবে। কমিশন সভার অনুমোদন সাপেক্ষে যথাযথ এনলিস্টমেন্ট ফি গ্রহণ করতঃ সাময়িক সনদ প্রদান করা হবে। সাময়িক সনদ প্রাপ্তির পর প্রতিষ্ঠানটি নমুনা PCB/ PCBA আমদানি করতে পারবে।

৫.২.৩ **তৃতীয় ধাপ:** সাময়িক সনদ প্রাপ্তির পর প্রতিষ্ঠানটি কারখানায় নমুনা মোবাইল হ্যান্ডসেট প্রস্তুত করবে এবং তা টেস্টিং ল্যাবে ('এ' ক্যাটাগরির ক্ষেত্রে প্রযোজ্য) পরীক্ষার উপযোগী করে কমিশনে অবগত করা হলে কমিশনের স্পেকট্রাম বিভাগ হতে পরবর্তীতে পরিদর্শক দল প্রেরণ করা হবে। পরিদর্শক দলের সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে ও কমিশনের অনুমোদন সাপেক্ষে আবেদন অনুযায়ী এনলিস্টমেন্ট সনদ (চূড়ান্ত সনদ) প্রদান করা হবে এবং মোবাইল হ্যান্ডসেট বাজারজাতকরণের অনুমতি প্রদান করা হবে।

৫.৩ মোবাইল হ্যান্ডসেট উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক তাদের কারখানার উৎপাদন লাইন সংখ্যা ও মাসিক উৎপাদন (ফিচার ফোন, ৪-জি সক্ষম ফিচার ফোন ও স্মার্টফোন আলাদাভাবে), জনবল (উৎপাদন ও ল্যাব

লেঃ কর্ণেল মুহম্মদ রাশেদুজ্জামান,
পিবিজিএমএস, পিএসসি, সিগন্যালস
পরিচালক (তরঙ্গ ব্যবস্থাপনা)
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আলাদাভাবে), ই-বর্জ্যের পরিমাণ এবং রিসাইক্লিং এর যাবতীয় তথ্য রেজিস্ট্রারে লিপিবদ্ধ রাখবে এবং ০৬ (ছয়) মাস অন্তর অন্তর (প্রতি বছরের জানুয়ারি ও জুলাই মাসে) বিটিআরসি'তে প্রতিবেদন জমা দিবে। এছাড়া এ সকল তথ্যাদি স্পেকট্রাম বিভাগ হতে প্রেরিত পরিদর্শক দলকে তাদের চাহিদার ভিত্তিতে প্রদর্শন করতে হবে।

**৬. মোবাইল হ্যান্ডসেট প্রস্তুতকারক ও বাজারজাতকরনের এনলিস্টমেন্ট ও নবায়ন প্রক্রিয়া, ফি ও মেয়াদকাল:**

৬.১ **'এ' ক্যাটাগরি সনদের এনলিস্টমেন্ট ও নবায়ন ফি:** কমিশনের অনুমোদিত রেট লিস্ট অনুযায়ী প্রযোজ্য হবে।

**'এ' ক্যাটাগরি সনদের মেয়াদকাল:** ৩ (তিন) বছর।

৬.২ **'বি' ক্যাটাগরি সনদের এনলিস্টমেন্ট ও নবায়ন ফি:** কমিশনের অনুমোদিত রেট লিস্ট অনুযায়ী প্রযোজ্য হবে।

**'বি' ক্যাটাগরি সনদের মেয়াদকাল:** ৩ (তিন) বছর।

৬.৩ "Mobile Phone Handset Manufacturer and Marketing Enlistment'' সনদ ০৩ (তিন) বছরের জন্য প্রদান করা হবে এবং পরবর্তীতে প্রতি ৩ বছর অন্তর অন্তর নবায়ন করতে হবে। তবে প্রতি ০১ (এক) বছর পূর্ণ হওয়ার পর হালনাগাদ সকল কাগজ-পত্রাদি জমা দিতে হবে এবং ০৩ বছর পূর্ণ হওয়ার ০২ (দুই) মাস পূর্বে হালনাগাদ সকল কাগজ-পত্রাদিসহ ('এ' ক্যাটাগরি ও 'বি' ক্যাটাগরি Enlistment সনদের জন্য পরিশিষ্ট-১ এ বর্ণিত যে সকল তথ্য/ ডকুমেন্টের ক্ষেত্রে হালনাগাদ/ বার্ষিক নবায়ন প্রয়োজন হয়) নবায়নের জন্য আবেদন করতে হবে। Enlistment সনদের মেয়াদ উত্তীর্ণের নির্দিষ্ট তারিখের পূর্বেই নবায়ন ফি পরিশোধ করতে হবে, বিলম্বে আবেদনের জন্য ১৫% হারে বিলম্ব ফি আদায় করা হবে।

**৭. স্থানীয়ভাবে মোবাইল যন্ত্রপাতি সংযোজন ও উৎপাদনের প্রচলিত পদ্ধতিতে যন্ত্রপাতি আমদানির শর্তাদি:**

SKD ও CKD প্রক্রিয়া ম্যানুফ্যাকচারিং-এর ক্ষেত্রে ব্যাপকভাবে প্রচলিত। SKD ও CKD পদ্ধতিতে মোবাইল হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাদি প্রতিপালন করতে হবে:

**৭.১ SKD (Semi-Knocked Down) পদ্ধতির ক্ষেত্রে:**

(ক) এই পদ্ধতিতে যন্ত্রাংশ বিদেশ থেকে আমদানির পূর্বে মোবাইল হ্যান্ডসেটের কিছু মৌলিক পার্টস যেমন- প্রসেসর, মেমরি, মূল ক্যামেরা, সিস্টেম সফটওয়্যার, সেন্সর, অন্যান্য হার্ডওয়্যার ও সফটওয়্যার ইত্যাদি প্রি-ইন্সটল করা অবস্থায়/ আংশিকভাবে সংযোজন অবস্থায় PCBA আমদানি করতে হবে।

(খ) ডিসপ্লে, কানেক্টর, মাইক্রোফোন, স্পিকার, সেকেন্ডারি ক্যামেরা, ব্যাটারি, কেসিং ইত্যাদি আলাদা ভাবে আমদানি করতে হবে এবং আমদানির পর ম্যানুফ্যাকচারিং প্লান্টে PCBA ও অন্যান্য যন্ত্রাংশ সংযোজন (assemble) করে পূর্ণাঙ্গ পণ্যটি প্রস্তুত করতে হবে।

০৭/০৭/'২৪

লেঃ কর্নেল মুহম্মদ রাশেদুজ্জামান,
পিবিজিএমএস, পিএসসি, সিগন্যালস
পরিচালক (তরঙ্গ ব্যবস্থাপনা)
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

### ৭.২ CKD (Completely Knocked Down) পদ্ধতির ক্ষেত্রে:

এই পদ্ধতিতে মোবাইল হ্যান্ডসেট প্রস্তুত/ উৎপাদনের ক্ষেত্রে বিদেশ থেকে আমদানির পূর্বে হ্যান্ডসেটের সকল মৌলিক পার্টস, যেমন- প্রসেসর, মেমরি, ক্যামেরা, সেন্সর, ডিসপ্লে, কানেক্টর, অন্যান্য সকল হার্ডওয়্যার ও সফটওয়্যার, আলাদা অবস্থায় আমদানি করতে হবে এবং আমদানির পর আমদানিকারক কর্তৃক তাদের ম্যানুফ্যাকচারিং প্লান্টের সারফেস মাউন্ট টেকনোলজি (SMT) ব্যবহারের মাধ্যমে PCBA প্রস্তুত করে অন্যান্য যন্ত্রাংশ সংযোজনের মাধ্যমে পূর্ণাঙ্গ পণ্যটি প্রস্তুত করতে হবে।

## ৮. ইলেকট্রনিক বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা:

৮.১ বিটিআরসির নিকট থেকে মোবাইল হ্যান্ডসেটের উৎপাদনের কারখানার সনদ প্রাপ্তির পর প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত সকল ই-বর্জ্য ব্যবস্থাপনার জন্য নিম্নবর্ণিত পদ্ধতিসমূহ অনুসরণ করতে হবে:

৮.১.১ কারখানার ই-বর্জ্য সংগ্রহ স্থান (Collection Point) স্থাপন করতে হবে।

৮.১.২ ই-বর্জ্য পরিবেশ অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী রি-সাইক্লিং করার পূর্ব পর্যন্ত নিজ কারখানায় পরিবেশবান্ধব উপায়ে সংরক্ষণ করতে হবে।

৮.১.৩ পরবর্তীতে সংরক্ষিত ই-বর্জ্য অথবা বেশী পরিমাণ ই-বর্জ্য জমা হলে অথবা বছরে ন্যূনতম একবার পরিবেশ অধিদপ্তরের অথবা বিটিআরসির সংশ্লিষ্ট বিষয়ে তালিকাভুক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে রি-সাইক্লিং করার জন্য বিটিআরসিতে আবেদন করতে হবে।

৮.১.৪ প্রতিষ্ঠান কর্তৃক আবেদনের প্রেক্ষিতে বিটিআরসি বিদ্যমান প্রক্রিয়ার মাধ্যমে ই-বর্জ্য রি-সাইক্লিং এর অনুমতি প্রদান করবে।

৮.১.৫ প্রতিষ্ঠান কর্তৃক ই-বর্জ্যর পরিমাণ এবং রি-সাইক্লিং এর যাবতীয় তথ্য রেজিস্ট্রারে লিপিবদ্ধ রাখবে এবং ০৬ (ছয়) মাস পর পর (প্রতি বছরের জানুয়ারি এবং জুলাই) বিটিআরসিকে অবহিত করবে।

## ৯. সার্ভিস সেন্টার ও কালেকশন পয়েন্ট:

মোবাইল হ্যান্ডসেটের প্রান্তিক পর্যায়ের ব্যবহারকারীদের বিক্রয়োত্তর সেবার মান নিশ্চিত করতে ঢাকায় ন্যূনতম ০৪ (চার) টি, অন্যান্য সকল বিভাগীয় শহরে ন্যূনতম ০২ (দুই) টি করে এবং দেশের সকল জেলা শহরে ন্যূনতম ০১ (এক) টি করে সার্ভিস সেন্টার স্থাপন করতে হবে। এছাড়া গ্রাহকের চাহিদা বিবেচনা করে প্রয়োজনীয় সংখ্যক কালেকশন পয়েন্ট স্থাপন করতে হবে। উল্লেখ্য যে, প্রান্তিক পর্যায়ের ব্যবহারকারীদের বিক্রয়োত্তর সেবার মান নিশ্চিত করতে সনদধারী কর্তৃক কোন তৃতীয় পক্ষের (Third Party) সাথে যথাযথভাবে চুক্তির মাধ্যমে বিক্রয়োত্তর সেবা প্রদান করা যাবে। এক্ষেত্রে তৃতীয় পক্ষের (Third Party) সাথে সনদধারীর মধ্যে সম্পাদিত চুক্তিপত্রের কপি আবশ্যিকভাবে কমিশনে জমা প্রদান করতে হবে।

০৭/০৭/'২৪

লেঃ কর্নেল মুহম্মদ রাশেদুজ্জামান,
পিবিজিএমএস, পিএসসি, সিগন্যালস
পরিচালক (তরঙ্গ ব্যবস্থাপনা)
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

**১০. মোবাইল ফোনের যন্ত্রাংশ আমদানির অনাপত্তি পত্র প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় তথ্য/ দলিলাদি (Document):**

SKD বা CKD পদ্ধতিতে স্থানীয়ভাবে মোবাইল হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রাংশ আমদানির অনাপত্তি পত্র (NOC) প্রক্রিয়াকরণের পূর্বে আবেদনকারী প্রতিষ্ঠান পরিশিষ্ট-৩ এ বর্ণিত তথ্য/ ডকুমেন্ট জমা দিবে।

**১১. মোবাইল ফোনের যন্ত্রাংশ আমদানি ও বাজারজাতকরণের অনাপত্তি পত্রের (NOC) শর্তসমূহ:**

আবেদনকারী প্রতিষ্ঠান হতে পরিশিষ্ট-৩ এ বর্ণিত তথ্য/ ডকুমেন্ট গ্রহণ করে কমিশনের স্পেকট্রাম বিভাগের প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ পূর্বক মোবাইল হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনের জন্য যন্ত্রাংশ আমদানির অনাপত্তি পত্র (NOC) প্রক্রিয়াকরণ করা হবে। উক্ত আমদানির অনাপত্তি পত্র (NOC)-এ পরিশিষ্ট-৪ এ বর্ণিত শর্তসমূহ যুক্ত থাকবে। এছাড়া উৎপাদিত মোবাইল হ্যান্ডসেটসমূহের বাজারজাতকরণের ক্ষেত্রে পরিশিষ্ট-৫ অনুযায়ী বর্ণিত শর্তসমূহ যুক্ত থাকবে।

09/09/'24

লেঃ কর্ণেল মুহম্মদ রাশেদুজ্জামান,
পিবিজিএমএস, পিএসসি, সিগন্যালস
পরিচালক (তরঙ্গ ব্যবস্থাপনা)
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

## পরিশিষ্ট-১

### (এনলিস্টমেন্ট সনদের আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি)

১. হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি (সত্যায়িত)।

২. হালনাগাদ আমদানি নিবন্ধন সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)।

৩. সর্বশেষ আয়কর প্রদানের সনদপত্রের ফটোকপি ও একই সাথে হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের রশিদ বা ব্যাখ্যা প্রদান (সত্যায়িত)।

৪. মূল্য সংযোজন কর সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)।

৫. সম্প্রতিকালে উত্তোলিত ব্যাংক সলভেন্সি (Sound & Solvent) সনদপত্র। ফটোকপি হলে সত্যায়িত হতে হবে।

৬. প্রতিষ্ঠানের নামে বা প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সধারীর নামে ইতিপূর্বে "Mobile Phone Handset Manufacturer and Marketing Enlistment" সনদ গ্রহণ করা হয় নাই মর্মে অঙ্গীকারনামা।

৭. লিমিটেড কোম্পানির ক্ষেত্রে মেমোরেন্ডাম অব এসোসিয়েসন ও আর্টিকেল অব এসোসিয়েশন এর ফটোকপি (সত্যায়িত);

অথবা

পার্টনারশিপের ক্ষেত্রে Registrar of Joint Stock Companies & Firms, Bangladesh হতে রেজিষ্ট্রিকৃত সনদ এর ফটোকপি (সত্যায়িত)।

৮. প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সধারীর সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

৯. প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সধারীর এবং প্রতিষ্ঠানের শেয়ারহোল্ডারগণের (যদি থাকে) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। বিদেশি নাগরিকের ক্ষেত্রে পাসপোর্টের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

১০. সংস্থায় কর্মরত ন্যূনতম ০৫ (পাঁচ) জন টেকনিক্যাল জনবলের জীবন বৃত্তান্ত, নিয়োগকৃত হলে নিয়োগ পত্র।

১১. Bangladesh Investment Development Authority (BIDA)-এর ছাড়পত্র (সত্যায়িত)।

১২. হালনাগাদ ইন্ডাস্ট্রিয়াল আমদানি নিবন্ধন সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)।

১৩. পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র (সত্যায়িত)।

১৪. হালনাগাদ রপ্তানি নিবন্ধন সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)। (শুধুমাত্র স্থানীয়ভাবে উৎপাদিত বা সংযোজিত মোবাইল হ্যান্ডসেট রপ্তানিকারকের জন্য প্রযোজ্য)

১৫. জাতীয় রাজস্ব বোর্ড হতে শুল্ক রেয়াত প্রাপ্তির সনদপত্রের ফটোকপি (সত্যায়িত)।

১৬. মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর অধীনে উৎপাদনকারী বা সংযোজনকারী হিসাবে নিবন্ধন কপি (সত্যায়িত)।

১৭. উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠানের মোবাইল হ্যান্ডসেট-এর কারিগরি মান/ বৈশিষ্ট্য সঠিকভাবে নিরুপন করার জন্য বর্ণিত টেস্টিং সুবিধা/টেস্টিং যন্ত্রপাতি সমৃদ্ধ একটি নিজস্ব Testing Lab স্থাপনের সুনির্দিষ্ট সময়কালসহ বিস্তারিত প্ল্যান (ক্যাটাগরি-বি এর জন্য প্রযোজ্য নয়) (পরিশিষ্ট-৬ অনুযায়ী)।

১৮. নিজস্ব Testing Lab টি প্রয়োজনীয় আন্তর্জাতিক স্বীকৃতি (International Accreditation for Quality Control) না পাওয়া পর্যন্ত আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোন Testing Lab এর সাথে সম্পাদিত চুক্তির কপি জমা দিতে হবে।

১৯. কারখানা ভবন ভাড়াকৃত হলে ভাড়ার চুক্তির কপি।

২০. নিজস্ব দেশীয় ব্র্যান্ডের (Local Brand) ক্ষেত্রে ট্রেড মার্ক সনদ।

২১. নোটারি পাবলিক থেকে ৩০০/- টাকার স্ট্যাম্পে ঘোষনাপত্র/ অঙ্গীকারনামা (পরিশিষ্ট-২ অনুযায়ী)।

09/09/'24

লেঃ কর্ণেল মুহম্মদ রাশেদুজ্জামান,
পিবিজিএমএস, পিএসসি, সিগন্যালস
পরিচালক (তরঙ্গ ব্যবস্থাপনা)
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

## পরিশিষ্ট-২
## (ঘোষণাপত্র/অঙ্গীকারনামা)

The undersigned, ----*(name of applicant)* ---, age: ---------- years, residing at -------*(registered address)* ------after having been duly sworn deposed states:

1. That he/she is the proprietor/directors/partners/shareholder(s) of -----*(company name)* ---- duly organized under the laws of the Peoples Republic of Bangladesh.

2. That personally, and as Proprietor and on behalf of the Applicant he/she hereby certifies:

   a) That all statements made in the applicant's application for a **Mobile Phone Handset Manufacturer and Marketing Enlistment Certificate** and in the required attachments to that application are true and correct;

   b) That this certification made for the expressed purpose of an application by ------*(name of applicant)* -----for a **Mobile Phone Handset Manufacturer and Marketing Enlistment Certificate** from the Bangladesh Telecommunication Regulatory Commission;

   c) That the Applicant will make available to the Commission or any other of its authorized agencies any information they may find necessary to verify any item in the application or regarding its competence and general reputation;

   d) That the Applicant (where the Applicant is an individual) or the owner of the Applicant or any of its directors or partners or shareholder(s) (where the Applicant is a company, corporation, partnership or society):

      (i) is not an insane person;
      (ii) has not been sentenced by a court under any law, other than the Bangladesh Telecommunication Regulation Act, 2001 (Act), to imprisonment for a term of 2 (two) years or more, other than sentences where a period of 5 (five) years has elapsed since his/her release from such imprisonment;
      (iii) has not been sentenced by a court for commission of any offence under the Act other than sentences where a period of 5 (five) years has been elapsed since his/her release from imprisonment;
      (iv) has not been declared bankrupt by the court and has not been discharged from the liability of bankrupt;
      (v) has not been identified or declared by the Bangladesh Bank or by the court or by a bank or financial institution as a loan defaulter loanee of that bank or institution.
      (vi) undertaking that neither the proprietor nor its partner/ share holder barred by section 29 of the Bangladesh Telecommunication Regulation Act, 2001 and the Proprietor and/or its partner/ shareholder(s) is/are eligible to get the License.

09/09/'24

লেঃ কর্ণেল মুহম্মদ রাশেদুজ্জামান,
পিবিজিএমএস, পিএসসি, সিগন্যালস
পরিচালক (তরঙ্গ ব্যবস্থাপনা)
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

(vii) no proceeding is going on against the applicant(s) or its owner(s) or any of its director(s) or partner(s) for violation of the Act/Any Regulations/ Rules/ Guidelines/ Bye-laws/ Directives/ Instructions/ Orders/ Circulars/ Decisions of the Commission and/or the Government etc.

(viii) any license of his has not been cancelled by the Commission at any time during the last 5 (five) years.

(ix) does not have any outstanding dues to the Commission.

(x) shall comply with provisions of Bangladesh Telecommunication Regulation Act, 2001 and all rules, regulations, directives and notices issued by the Commission.

(xi) is/are not a Bank Defaulter.

